

আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু  
বিসমিল্লাহির রহমাহির রহীম

আজকের আলোচনার বিষয়: পবিত্র কুরআনের ৪০ টি রবানা দোয়া সিরিজ-১০

১. তোমাদের জন্য রয়েছে একটি উত্তম আদর্শ ইব্রাহিম এবং তার সাথীদের মধ্যে। তারা তাদের কওমকে বলেছিল: তোমাদের সাথে আমাদের কোনো সম্পর্ক নেই। এবং তোমরা আল্লাহর পরিবর্তে যাদের ইবাদত (পূজা-উপাসনা) করো তাদের সাথেও। তোমাদের ও আমাদের মাঝে শুরু হলো চিরন্তন শত্রুতা আর বিদ্বেষ যতদিন না তোমরা এক আল্লাহর প্রতি ঈমান আনবে। আল্লাহর কাছে দোয়া:

**رَبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ**

আমাদের প্রভু! আমরা তোমার প্রতি তাওয়াক্কুল করলাম, আমরা তোমারই অভিমুখী হলাম এবং প্রত্যাবর্তন তো হবে তোমারই কাছে। (সূরা ৬০ আল মুমতাহানা আয়াত ৪)

২. আল্লাহর কাছে দোয়া:

**رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِلَّذِينَ كَفَرُوا وَاعْفِرْ لَنَا رَبَّنَا إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْحَكِيمُ**

আমাদের প্রভু! তুমি আমাদেরকে কাফিরদের নিপীড়নের পাত্র বানিয়ে না। হে প্রভু! তুমি আমাদের ক্ষমা করে দাও। নিশ্চয়ই তুমি মহাশক্তিদর, মহাপ্রজ্ঞাবান। (সূরা ৬০ আল মুমতাহানা আয়াত ৫)

৩. হে ঈমানদারগণ! তোমরা তওবা করো (অনুতপ্ত হয়ে ফিরে এসো) আল্লাহর দিকে শুদ্ধ একনিষ্ঠ তওবা। তাহলে অবশ্যই তোমাদের প্রভু তোমাদের থেকে মুছে দেবেন তোমাদের পাপসমূহ এবং তোমাদের দাখিল করবেন জান্নাতে, যার নিচ দিয়ে প্রবাহমান থাকবে নদ-নদী-নহর। সেদিন আল্লাহ অপমানিত করবেন না তার নবীকে এবং তার সাথে যারা ঈমান এনেছে তাদেরকে। তাদের নূর দৌড়াবে (সায়ী করবে) তাদের সামনে দিয়ে এবং ডানে দিয়ে। তারা দোয়া করবে:

**رَبَّنَا أَتْمِمْ لَنَا نُورَنَا وَاعْفِرْ لَنَا إِنَّكَ عَلَىٰ كُلِّ شَيْءٍ قَدِيرٌ**

**আমাদের প্রভু! আমাদের জন্য পূর্ণ করে দাও (জান্নাতে পৌঁছা পর্যন্ত) আমাদের নূর এবং ক্ষমা করে দাও আমাদের। নিশ্চয়ই তুমি প্রতিটি বিষয়ে সর্বশক্তিমান। (সূরা ৬৬ আত তাহরিম আয়াত ৮)**

**প্রিয় ভাই ও বোনেরা, পবিত্র কোরআনের ৪০ টি রব্বানা দোয়া সিরিজ ১০ টা পোস্টে শেষ হলো,  
আলহামদুলিল্লাহ।**

আসুন, আমরা দোয়াগুলো বুঝে বুঝে কুরআনের ভাষা আরবিতে মুখস্ত করি।

আরবিতে মুখস্ত করতে না পারলে বাংলায় মুখস্ত করি। এবং সালাতে, সালাতের বাইরে, দাঁড়িয়ে, বসে, শুয়ে, ওয়ু অবস্থায়, ওয়ু বিহীন অবস্থায় (দোয়া করা, যিকির করার, কোরআন তেলাওয়াত করার জন্য ওয়ু থাকা শর্ত নয়। শুধু সালাত আদায় করতে ওয়ু দরকার হয়) অন্তরের অন্তঃস্থল থেকে মহান, পরম ক্ষমাশীল, পরম করুণাময় আল্লাহ তায়ালার কাছে প্রতিনিয়ত দোয়া করতে থাকি। আশা করা যায় আল্লাহ তায়ালার আমাদের দোয়া কবুল করবেন।

**আমীন**

**আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

Click here <http://www.morningbrightness.fi/>